১০৭

দৈনিক সংবাদ

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

# পরীক্ষা পদ্ধতি প্রশ্নে ছাত্র বিক্ষোভ চলছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

এসএসসি পরীক্ষায় নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতি বহাল রাখার দাবীতে গতকাল মঙ্গলবারও স্কুল ছাত্ররা রাজধানীতে বিক্ষোভ মিছিল ও গাড়ি ভাংচুর করে। স্কুল ছাত্রদের আহ্বানে সিলেট, ভোলা ও পটুয়াখালীতে হরতাল পালিত হয়েছে।

রাজধানীতে সূত্রাপুরে ১ জন এবং দেশের অন্যান্য স্থানে ১৭ জন ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

বিক্ষোভ চলাকালে রাজধানীতে ১২টি যানবাহনের ক্ষতিসাধন করা হয়েছে। সূত্রাপুর থানা এলাকার জয়কালী মন্দিরের সামনে পুলিশ ও ছাত্রদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং বেশ কয়েকটি হাত বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। এ সময়ে কয়েকটি গাড়ি ভাংচুর হয়।

দুপুরের দিকে মীরপুর, রমনা, সূত্রাপুর থানা এলাকায় ছাত্রদের খন্ড খন্ড বিক্ষোভ মিছিল বের হয়।

মগবাজার ও প্রেসক্লাব এলাকায় ছাত্ররা ২টি অটো টেম্পো ও ১টি মিনিবাসের কাঁচ ভাংচুর করেছে।

মীরপুর ১০ নম্বর গোলচক্কর এলাকায় স্কুল ছাত্রদের একটি মিছিল থেকে ২টি মিনিবাস ভাংচুর করা হয়েছে।

'সংবাদ'-এর প্রতিনিধিরা জানান ঃ স্কুল ছাত্রদের আহ্বানে গতকাল সিলেট শহরে অর্ধদিবস হরতাল পালিত হয়। এ সময় স্কুল ছাত্ররা মিছিল করে ও গাড়ি ভাংচুর করে। পুলিশ ১ জন ছাত্রকে গ্রেফতার করে।

ভোলা স্কুল ছাত্রদের ডাকে সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত হরতাল পালন করা হয়। এ সময়ে শহরে কয়েকটি রিকশা ভাংচুর হয়।

চাঁদপুরে স্থানীয় মাতৃপীঠ বালিকা বিদ্যালয়ের সামনে থেকে ৬ জন স্কুল ছাত্রকে পুলিশ গ্রেফতার করে। ছাত্ররা এ সময় মিছিলের প্রস্তুতি নিচ্ছিল।

পটুয়াখালীতে অর্ধদিবস হরতাল পালিত হয়। সকালে মিছিল থেকে ৭ জন ছাত্রকে আটক করা হলেও তাদের পরে ছেড়ে দেয়া হয়।

কুড়িগ্রামে বিক্ষুব্ধ ছাত্ররা মিছিলসহ শহর প্রদক্ষিণের সময় ৩টি গাড়ি ভাংচুর করে। এ সময় পুলিশ ১৯০ জন ছাত্রকে আটক করে।